সম্পাদনা পরিষদ

প্রধান পৃষ্ঠপোষক

বীর মুক্তিযোদ্ধা মোঃ নজরুল ইসলাম চৌধুরী, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধান

মোঃ মাহবুব হোসেন
সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সম্পাদক

মোঃ আবদুর রহিম খান
মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

সম্পাদনা সহযোগী

মোঃ মতিউর রহমান, যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মোঃ মোর্তজা মোর্শেদ, উপমহাপরিদর্শক, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মোঃ তাওহীদুল হক ভূঁইয়া, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
এস, এম, শাহাজাদ কবির, সহকারী মহাপরিদর্শক (সেইফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
পিংকি মজুমদার, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

প্রকাশনা

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রকাশকাল

এপ্রিল, ২০২৪

ডিজাইন ও প্রিন্ট

বর্ণমালা কমিউনিকেশন লিমিটেড

সূচিপত্র

ক্রমিক নং.	বিষয়	পৃষ্ঠা
০১	শ্রমিকের অধিকার এবং আমাদের ভাবনা এ.কে.এম. সেলিম ওসমান, এমপি, সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন	৩৯
০২	শ্রমিক কল্যাণে বঙ্গবন্ধুর দর্শনের প্রাসঙ্গিকতা ড. আতিউর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর	৪৩
০৩	টেকসই উন্নয়নের জন্য শোভন কর্মপরিবেশের বিকল্প নেই এস. এম. মান্নান (কচি), সভাপতি, বিজিএমইএ	৪৭
০৪	বাংলাদেশের প্রেক্ষাপটে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট মোঃ আবদুর রহিম খান, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	৪৯
০৫	**Contribution of Labour Inspection to the Improvement of Labour Law** Md. Masum Billah, Law Officer, Department of Inspection for Factories and Establishments	৫৪
০৬	**Emerging Occupational Safety and Health hazards in the plastic sector** AKM Masum Ul Alam, OSH Specialist & Adjunct Faculty, BUHS	৫৯
০৭	**Behind The Scene: Tackling occupational safety and health issues** Ole R. Justesen, Sector Counsellor (OHS), Royal Danish Embassy	৬২
০৮	**Occupational Safety and Health: a new Training Center in Rajshahi and how to consolidate the governance of an Industrial Safety Framework** Dr. Michael Klode, STILE Project, GIZ	৬৪
০৯	**Role of Personal Protective Equipment (PPE) in Minimizing Risks at Work** Sk Akhtar Ahmad, Professor of Occupational and Environmental Health Bangladesh University of Health Sciences	৬৬
১০	**Bangladesh's Commitment to Occupational Safety and Health: Paving the Way for a Safer Tomorrow** Maurice L Brooks, Labour Administration and Working Conditions, ILO-Bangladesh	৭০
১১	**Emphasizing Quality or Quantity? Mapping Inspection: Optimizing Resources, Remarkable Results** Sikder Mohammad Tawhidul Hasan, Deputy Inspector General, DIFE, Ph.D. Researcher	৭২
১২	টেকসই ট্যানারি শিল্প বিনির্মাণ ও এলডব্লিউজি সনদ অর্জন মোঃ আলম হোসেন, পরিচালক ও প্রকল্প প্রধান, বিল্ডিং এ সাসটেইনেবল লেদার সেক্টর ইন বাংলাদেশ, ওশি ফাউন্ডেশন	৭৪
১৩	টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার ভূমিকা আরদাশীর কবির, সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন	৭৭
১৪	**Bangladesh Tannery Industry Towards Social Accountability and LWG Certification through the implementation of National Plan of Action (NPA)** A K M Ashraf Uddin, ED, BLF	৭৯
১৫	**Occupational health and safety: the historical background** Tapas Roy Barman, Labour Inspector (General), DIFE	৮৫
১৬	উল্লেখযোগ্য কার্যক্রমের আলোকচিত্র ফটোগ্রাফার: রিয়াজ মাহমুদ মিঠু, মাল্টিমিডিয়া প্রজেক্টর টেকনিশিয়ান, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	৮৭

শ্রমিকের অধিকার এবং আমাদের ভাবনা

এ.কে.এম. সেলিম ওসমান, এমপি
সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন

প্রতি বছর ২৮ এপ্রিল আমরা আন্তর্জাতিক পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস পালন করি। বাংলাদেশে তৈরি পোশাক শিল্পের বিকাশের পর থেকে আন্তর্জাতিক পরিমণ্ডলে একটি টেকসই শিল্প হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে আমরা কমপ্লায়েন্স ইস্যুতে গুরুত্বপূর্ণ এবং উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছি। আমাদের এই পদক্ষেপগুলো আন্তর্জাতিকভাবে স্বীকৃতিও পেয়েছে। বিগত এক দশকে দেশের কারখানাগুলোর কাঠামোগত নিরাপত্তা অনেক বেশি জোরদার করা হয়েছে, কারখানায় প্রতিষ্ঠিত হয়েছে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার সংস্কৃতি। মালিকপক্ষ কারখানার নিরাপত্তা সংক্রান্ত যেকোন আলোচনার জন্য শ্রমিক প্রতিনিধিদের সাথে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করছে।

একটি ব্যবসা পরিচালনার অন্যতম মৌলিক উপাদান হচ্ছে শ্রমশক্তি। খুব অল্প কিছুদিন আগেও আমাদের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মূল উদ্বেগ ছিলো মূলত ব্যবসার নিজস্ব ঝুঁকি কেন্দ্রিক। কিন্তু বিশ্বায়নের এই যুগে এককেন্দ্রিক দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হয়ে এখন আমরা টেকসই ব্যবসায়িক প্রবৃদ্ধি নিশ্চিত করতে People, Planet এবং Prosperity'র কথা বলছি। একজন শ্রমিক শুধু আমাদের ব্যবসার মৌলিক উপাদান নয়, কর্মপরিচয়ের ঊর্ধ্বে তিনি একজন ব্যক্তি মানুষ। আমরা বাংলাদেশের তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিকের সকল অধিকার নিশ্চিত করতে চাই।

সার্বজনীন মানবাধিকার ঘোষণা ১৯৪৮ এর ২৩ নম্বর অনুচ্ছেদ অনুসারে প্রত্যেক শ্রমিকের তার নিজের ও পরিবারের মানবিক মর্যাদা রক্ষার নিশ্চয়তা দিতে সক্ষম, এমন ন্যায্য ও অনুকূল শ্রম পরিবেশ এবং প্রয়োজনবোধে সেই সঙ্গে সামাজিক সুরক্ষার অধিকার রয়েছে। অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার বিষয়ক আন্তর্জাতিক চুক্তির ৭ম অনুচ্ছেদে ন্যায্য মজুরি, সমান কাজে সমান মজুরি, শোভন জীবন যাপন, স্বাস্থ্যকর ও নিরাপদ কর্মপরিবেশ, কর্মক্ষেত্রে সমান সুযোগ, বিশ্রাম ও সবেতনে ছুটি সংক্রান্ত অধিকারের নিশ্চয়তা দেওয়া হয়েছে। মানবাধিকার ঘোষণা, চুক্তি এবং আইএলও কনভেনশন এর আলোকে গঠিত বাংলাদেশ শ্রম আইনে কর্মঘণ্টা, ছুটি, মজুরি, মজুরি পরিশোধের সময়কাল ও নিরাপদ কর্মপরিবেশ ইত্যাদি মৌলিক অধিকারগুলো নিশ্চিত করা হয়েছে।



Source: https://thinkproject.com/sustainability

শ্রম আইন অনুযায়ী কারখানায় মৌলিক কম্প্লায়েন্স নীতিগুলো অনুশীলন নিশ্চিত করার পরে আমরা সামাজিক সুরক্ষাসহ, অন্যান্য প্রয়োজনীয় চাহিদাগুলো নিশ্চিতের প্রতি মনোযোগী হচ্ছি।

বাংলাদেশের পোশাক রপ্তানি বাজারের একটি বড় অংশ দখল করে আছে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডার মত দেশগুলো। তবে বাংলাদেশের রপ্তানির বাজারে ইউরোপীয় ইউনিয়নও একটি প্রভাবশালী ভূমিকা রাখছে যা পোশাক রপ্তানির বাজারে প্রায় ৫০% এর বেশি। এভরিথিং বাট আরমস (ইবিএ) ইনিশিয়েটিভ এর অধীনে ইইউ এর অধিভুক্ত দেশগুলোর ক্ষেত্রে আমদানির বাজারে শুল্কমুক্ত সুবিধা বাংলাদেশের পোশাক রপ্তানি সম্প্রসারণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ইইউতে পোশাক রপ্তানীর বাজারে চীনের পরেই বাংলাদেশ দ্বিতীয় অবস্থানে রয়েছে।

বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানীর বাজারের জন্য ইইউ খুবই গুরুত্বপূর্ণ একটি বাজার। সম্প্রতি ইইউ অধিভুক্ত দেশগুলোতে ব্যবসা পরিচালনা করার ক্ষেত্রে মানবাধিকার এবং পরিবেশগত বিধি মেনে চলা বাধ্যতামূলক করা হয়েছে। মানবাধিকার এবং পরিবেশগত বিধি (HREDD) অনুসারে, কর্মক্ষেত্রে শিশুশ্রম নিরসন, জোরপূর্বক শ্রম, যেকোন ধরনের শ্রম দাসত্ব নিরসন, ন্যায্য মজুরি, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি ব্যবসায়ের কারণে উদ্ভূত যেকোন ধরনের পরিবেশগত ঝুঁকি নিরূপন, প্রশমন এবং প্রতিরোধের নীতি গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। আনন্দের বিষয় হচ্ছে যে HREDD এর মূখ্য সূচকগুলোতে আমরা ইতোমধ্যেই উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছি। আমাদের ভাবনা এবং কর্মপরিকল্পনা এখন মৌলিক বিষয়গুলোর বাহিরেও একজন শ্রমিকের জীবনযাপনের বাড়তি চাহিদাগুলো কিভাবে পূরণ করা যায়, সে বিষয়ে দৃষ্টিপাত করা।

সময়ের সাথে সাথে বহু প্রতিকূলতা ও প্রতিবন্ধকতা মোকাবেলা করে বাংলাদেশের তৈরি পোশাক শিল্প বিশ্ববাজারে আজ মজবুত অবস্থান সৃষ্টিতে সক্ষম হয়েছে। বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ শিল্পখাত-নীট শিল্পের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠান হিসেবে বিকেএমইএ সবসময়ই সরকারের অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানগুলোর মতো বহুমাত্রিক উন্নয়নমূলক কাজের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ভূমিকা রাখতে সচেষ্ট। বিকেএমইএ নীট শিল্প মালিকদের একটি অলাভজনক সেবা প্রতিষ্ঠান হিসেবে কারখানার শ্রমিক ও তাদের জীবনমান উন্নয়নে নিরলস কাজ করে যাচ্ছে। কারখানাতে শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য নিশ্চিত করা ও নিরাপত্তা প্রদান করতে বিকেএমইএ তার উন্নয়ন অংশীদারদের সাথে নিয়ে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।

বিকেএমইএ মালিকপক্ষের সংগঠন হলেও নীট শিল্প সেক্টরের সকল স্টেকহোল্ডারদের স্বার্থ সংরক্ষণে সচেতন থাকে। আর সকল স্টেকহোল্ডারদের মাঝে শ্রমিকরা হলো এই সেক্টরের প্রাণ। একজন শ্রমিক তার কর্মক্ষেত্রে কর্মী পরিচয়ের বাইরেও তার পারিবারিক, সামাজিক বলয়ে আরও কিছু পরিচয় বহন করেন। তার কর্মজগতের বাইরেও দৈনন্দিন জীবনে প্রতিটি শ্রমিককে বিভিন্ন প্রতিকূলতার সম্মুখীন হতে হয়। এইসব চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে গিয়ে একজন শ্রমিককে কতটা মানসিক চাপ বহন করতে হয় তার প্রতি সাধারণত আমরা দৃষ্টিপাত করিনা।

সম্প্রতি বিকেএমইএ-জিআইজেড যৌথভাবে নীট সেক্টরে কর্মরত শ্রমিকদের মানসিক স্বাস্থ্যের সুস্থতার প্রতি সচেতনতা বৃদ্ধিতে "Factory Improvement Programme of BKMEA member factories on Mental Health-Psychosocial Hazard, OSH & Waste Management" প্রকল্প গ্রহণ করেছে। বিকেএমইএ সদস্যভুক্ত ৭৫ টি কারখানার শ্রমিকদের মানসিক চাপ ব্যবস্থাপনা, মনস্তাত্ত্বিক কাউন্সেলিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং একটি নির্দিষ্ট চেকলিষ্ট অনুসারে কারখানা নিরীক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। মানসিকভাবে দুর্বল কর্মী কখনোই তার সর্বোচ্চ উৎপাদনক্ষমতা দিয়ে কাজ করতে পারেনা। বরং অতিরিক্ত মানসিক চাপ নিয়ে কাজ করতে গিয়ে শ্রমিকের পেশাগত দুর্ঘটনার ঝুঁকি তৈরি হয়। তাছাড়াও কারখানাতে প্রতিনিয়ত বিভিন্ন বিষয়ে শ্রমিকদের কাউন্সেলিং সেবা গ্রহণ প্রয়োজন হয়। সাধারণত মেডিকেল অফিসার, ওয়েলফেয়ার অফিসার এবং বিভিন্ন বিভাগের মধ্যম পর্যায়ের কর্মকর্তারা শ্রমিকদের কাউন্সেলিং সেবা প্রদান করে থাকে। কিন্তু কাউন্সেলিং বিষয়ে তাদের প্রয়োজনীয় ও পর্যাপ্ত প্রশিক্ষণ এবং ধারণা না থাকায় সঠিকভাবে সেবা প্রদান বাঁধাপ্রাপ্ত হয়।

এই প্রকল্পের মাধ্যমে প্রতিটি কারখানার ২ জন করে অর্থাৎ সর্বমোট ১৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিরীক্ষণ কার্যক্রমের আওতায় প্রতিটি কারখানাতে সর্বমোট তিনটি করে ভিজিট করা হবে। ইতোমধ্যে সকল কারখানার প্রথম ভিজিট সম্পন্ন হয়েছে। আমরা আশা করছি যে, এই নিরীক্ষণের মাধ্যমে আমাদের নির্বাচিত সদস্য কারখানাগুলোতে কর্মরত শ্রমিকদের প্রকল্পপূর্ব এবং প্রকল্প পরবর্তী মানসিক স্বাস্থ্য সচেতনতা এবং এ সম্পর্কিত ব্যবস্থাপনা ধারণার একটি তুলনামূলক চিত্র তুলে ধরতে পারবো। কারখানা প্রতিনিধিগণও এ প্রকল্পটি অত্যন্ত আনন্দের সাথে গ্রহণ করেছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল কর্মকর্তা দ্ব্যর্থহীনভাবে বলেছে, এ প্রকল্পটি নিঃসন্দেহে শ্রমিকদের মানসিক স্বাস্থ্যের যত্নের সচেতনতার পাশাপাশি তাদের জীবনমান উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

আমাদের প্রতিটি কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে আমরা সচেতন থাকি যেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক নির্দেশনার প্রতিফলন সেখানে থাকে। মাননীয় প্রধানমন্ত্রী সবসময় তাঁর প্রতিটি বক্তব্যে মানবিক দৃষ্টিকোণ থেকে শ্রমিকের অধিকার নিশ্চিতের কথা বলেন। আমরাও তাঁর নির্দেশনা অনুসরণ করে সেই লক্ষ্যেই কাজ করে যাচ্ছি। "MOTHERS@WORK" প্রকল্পটি তারই একটি উদাহরণ।

চিত্র: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে বিকেএমইএ সভাপতি জনাব এ.কে.এম সেলিম ওসমান, এমপি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যবসায়িক নেতৃবৃন্দ

বিকেএমইএ ইউনিসেফ এর সহযোগিতায় কারখানাতে কর্মরত মায়েদের মাতৃত্বের সুরক্ষা এবং অধিকার নিশ্চিত করতে "MOTHERS@WORK" প্রকল্পটি গ্রহণ করেছে। ইউনিসেফ বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানগুলোর সাথে পরিকল্পনা, পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ এবং আলোচনার মাধ্যমে কর্মী মায়েদের মাতৃত্বের সুরক্ষা এবং অধিকার নিশ্চিত করতে ৭টি ন্যূনতম মানদণ্ড নির্ধারণ করা হয়েছে। যে মানদণ্ডগুলি নিশ্চিত করা গেলে কর্মী মায়ের অধিকার নিশ্চিত করা সহজ হবে। শ্রম আইন অনুযায়ী আমাদের প্রতিটি কারখানাতেই ডে-কেয়ার সেন্টার এবং ব্রেস্ট ফিডিং কর্নার আছে। কিন্তু অনেক ক্ষেত্রেই দেখা যাচ্ছে ব্রেস্ট ফিডিং কর্নারটি হয়ত এই মানদণ্ড অনুযায়ী পর্যাপ্ত সুবিধাপ্রাপ্ত নয়। এ প্রকল্পের আওতায় আমরা প্রথম বছরে ৩০টি এবং দ্বিতীয় বছরে নতুন ৬০টি কারখানাতে কার্যক্রম পরিচালনা করেছি। যেখানে আমরা প্রতিটি কারখানার ৩জন মধ্যম পর্যায়ের কর্মকর্তা (ওয়েল ফেয়ার অফিসার, মেডিকেল স্টাফ, এবং ব্যবস্থাপনা কর্মী) কে ৭টি ন্যূনতম মানদণ্ড, কর্মী মায়েদের পুষ্টিকর খাবার, শিশুকে বুকের দুধ খাওয়ানোর গুরুত্ব, শিশুকে বুকের দুধ খাওয়ানোর সঠিক পদ্ধতি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ সম্পন্ন শেষে এই কর্মকর্তাগণ স্ব স্ব কারখানাতে কর্মরত কর্মী মায়েদের উল্লিখিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন। এছাড়াও এই প্রকল্প কার্যক্রমের অংশ হিসেবে আমাদের সংশ্লিষ্ট কর্মকর্তারা কারখানাগুলোর ব্রেস্ট ফিডিং কর্নারগুলো পরিদর্শন করে সেগুলোর মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান করেন।

অনেক মায়েরা আছেন যারা, তাদের সন্তানদের বাড়িতে নিকটাত্মীয়ের কাছে রেখে আসেন। সেক্ষেত্রে বাড়িতে তারা কিভাবে সঠিক উপায়ে বুকের দুধ সংরক্ষণ করতে পারবে, কতক্ষণ এই দুধ খাওয়াতে পারবে এই বিষয়ে তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। লক্ষ্য একটাই কোন শিশু যেন তাদের মায়ের বুকের দুধ পান করা থেকে বঞ্চিত না হয়।

আমরা জানি আজকের শিশু আগামীর ভবিষ্যৎ। এই শিশুরাই আমাদের আগামী দিনের মানবসম্পদ। তাদের পূর্ণাঙ্গ বিকাশ নিশ্চিত করা আমাদের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের অন্যতম অনুঘটক। সকলের জন্য টেকসই পৃথিবী নিশ্চিত করতে গেলে আমাদের People এবং Planet কে রক্ষা করেই Prosperity নিশ্চিত করতে হবে। এভাবেই আমরা মৌলিক চাহিদাগুলো নিশ্চিত করে আমাদের কর্মীদের বাড়তি সুবিধাগুলো প্রদান করতে চাই।

বৈশ্বিক তৈরি পোশাক শিল্পের বাজারে বাংলাদেশ একটি শক্ত অবস্থানে রয়েছে এটি যেমন সত্য একই সাথে প্রতিনিয়ত আমাদের উদ্যোক্তাদের বিভিন্ন প্রতিকূলতাকে মোকাবেলা করেই এগিয়ে যেতে হচ্ছে সেটাও পরম সত্য। এলডিসি গ্রাজুয়েশনের পরে ইউরোপিয়ান ইউনিয়নের অন্তর্ভুক্ত দেশগুলোতে আমরা নির্দিষ্ট বাণিজ্যসুবিধা হারাবো। যা স্বাভাবিকভাবেই আমাদের প্রতিযোগিতাপূর্ণ বাজারে টিকে থাকতে বাড়তি চ্যালেঞ্জ তৈরি করবে। কারখানা মালিকগণ সবসময়েই চায় যে, তার শ্রমিকদের ন্যায্য পাওনা ও প্রাপ্য সুবিধা নিশ্চিত করে তাদের আরও বাড়তি কিছু দিতে। শ্রমিকেরা ভালো থাকলে, অনুপ্রাণিত থাকলে, তাদের উৎপাদনশীলতা বৃদ্ধি পায়। তাদের উৎপাদনক্ষমতা বাড়লে কারখানার ব্যবসা প্রবৃদ্ধি হয়। প্রতিটি অনুষঙ্গ আসলে আন্তঃসম্পর্কিত। বিপরীতভাবে, ব্যবসা পরিচালনা প্রতিবন্ধকতাহীন না হলে, উদ্যোক্তাদের জন্য শ্রমিকের মৌলিক চাহিদা নিশ্চিত করাও কঠিন হয়ে ওঠে।

তৈরি পোশাকের ন্যায্য মূল্য না পাওয়া, বিভিন্ন অযৌক্তিক ইস্যুতে নির্ধারিত মূল্যে ডিসকাউন্ট চাওয়া, দীর্ঘমেয়াদী বাণিজ্যিক সম্পর্ক স্থাপনে অনীহা, বিভিন্ন ক্রেতার বিবিধ অডিট ভীতি, প্রতিনিয়ত আমাদের উদ্যোক্তাদের উপর চাপ সৃষ্টি করছে। ইউরোপিয়ান ইউনিয়ন এর অন্তর্ভুক্ত দেশগুলোতে শুল্কমুক্ত বাণিজ্যসুবিধা হারানোর পরে বিকল্প কোন উপায়ে বাণিজ্যসুবিধা প্রাপ্তির সুযোগ অন্বেষনে আমাদের পাশাপাশি সরকার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে পরিকল্পিত উদ্যোগ গ্রহণের বিনীত অনুরোধ করছি। আমাদের মনে রাখতে হবে তৈরি পোশাক শিল্প আমাদের ক্রমশ অগ্রগামী অর্থনীতির অন্যতম বুনিয়াদ। এই শিল্পের উপর হুমকি সৃষ্টি হলে তা আমাদের সমগ্র অর্থনীতির জন্যও হুমকি সৃষ্টি করবে।

আমরা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞ এবং আস্থাশীল কারণ যতবারই ঝড় এসেছে, তাঁর দক্ষ নেতৃত্বে আমরা ঠিকই এগিয়ে গিয়ে সকল বাঁধা পেরিয়ে মাথা উঁচু করে বিশ্বের বুকে আমাদের অস্তিত্ব ধরে রেখেছি। বিকেএমইএ নীট শিল্পে নিয়োজিত লক্ষ লক্ষ শ্রমিকের কর্মকালীন নিরাপত্তা নিশ্চিতকরণকে,তার নীতিগত দায়বদ্ধতা হিসেবে বিবেচনা করে আসছে। আমরা নিয়মিত আমাদের বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে মালিকপক্ষকে বোঝাতে সক্ষম হয়েছি যে, শ্রমিকের মানবাধিকার নিশ্চিত করা একটি বিনিয়োগ, যার ফলে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত হয়, শ্রমিকদের কাজে অনুপস্থিতির হার কমে, মাইগ্রেশন কমে, উৎপাদনশীলতা বাড়ে, ক্রেতার আস্থা বাড়ে। মালিক এবং শ্রমিক উভয়ই পরস্পরের উপর নির্ভরশীল। কর্মক্ষেত্রে দুর্ঘটনাকে আমরা জিরো টলারেন্স হিসেবে চিহ্নিত করে বাংলাদেশের নীট সেক্টরের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করতে আমাদের কার্যক্রম পরিচালনা করছি।

শ্রমিক কল্যাণে বঙ্গবন্ধুর দর্শনের প্রাসঙ্গিকতা

ড. আতিউর রহমান
ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক এবং
বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর

শ্রমিক কল্যাণ নিয়ে এই আলোচনাটি এমন একটি সময়ে তুলছি যখন বাংলাদেশের অর্থনীতিতে বেশ কিছু চ্যালেঞ্জ ও ঝুঁকি দানা বেধেছে। প্রথমে করোনাজনিত অর্থনৈতিক অচলাবস্থা এবং তার ওপর রুশ-ইউক্রেন যুদ্ধ ও অন্যান্য ভূ-রাজনৈতিক অস্থিরতার জেরে বৈশ্বিক সরবরাহ চেইনের সঙ্কটের কারণে বাংলাদেশের সামষ্টিক অর্থনীতি নিঃসন্দেহে একটি চ্যালেঞ্জিং সময়ের মধ্য দিয়ে যাচ্ছে। বিশেষত বাইরের এই সঙ্কটগুলোর কারণে আমাদের নিজস্ব অভ্যন্তরীণ কাঠামোগত সঙ্কটগুলোও নতুন করে প্রকট হয়ে ধরা দেয়ায় সম্ভবত বিগত ১০-১৫ বছরের মধ্যে এই প্রথম এতো বড় চ্যালেঞ্জ আমাদের মোকাবিলা করতে হচ্ছে। বলা বাহুল্য যে, এসব চ্যালেঞ্জের মধ্যেও যে বাংলাদেশের সামষ্টিক অর্থনীতি মোটামুটি ছয় শতাংশের আশেপাশেই প্রবৃদ্ধি অর্জন করে চলেছে এর পেছনে প্রধান ভূমিকা রেখে চলেছে আমাদের প্রবাসী আয়ের প্রবাহ, আমাদের কৃষি উৎপাদন এবং সর্বোপরি আমাদের রপ্তানিমুখী শিল্পগুলো। এই প্রেক্ষাপটে তাই শ্রমিক কল্যাণ নিয়ে ভাবনা ও আলোচনা বিশেষ প্রাসঙ্গিক। কারণ আপদকালীন সময়ে শ্রমিক স্বার্থ সংরক্ষণ করা গেলেই সংকট উত্তরণে আমাদের শ্রমঘন শিল্প খাত থেকে প্রত্যাশিত অর্থনৈতিক সুফল পাওয়া সম্ভব। দিনশেষে বাংলাদেশের ভবিষ্যৎ শিল্পেই। সেই পথেই বাংলাদেশ এখন হাঁটছে। বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলোসহ মেগা প্রকল্পগুলো পুরোপুরি চালু হয়ে গেলে শিল্প খাতের প্রবৃদ্ধি আরও গতিময় হবে। আর সেই সুবাদে শ্রমিকের কর্মসংস্থান ও সুযোগ-সুবিধেও বাড়বে।

স্বল্পমেয়াদে এই চ্যালেঞ্জিং সময়ে তো বটেই এমন কি দীর্ঘতর মেয়াদে শ্রমিকবান্ধব অর্থনৈতিক বিকাশের পথ-নকশা তৈরির ক্ষেত্রেও শ্রমিক কল্যাণ বিষয়ে জাতির জনক বঙ্গবন্ধুর এ বিষয়ক দর্শন ও চর্চাগুলো আমাদের জন্য বিশেষভাবে প্রাসঙ্গিক বলে মনে করি। এ প্রসঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই যে, আমরা সচরাচর যে সমস্ত দেশকে উন্নত হিসেবে চিহ্নিত করে থাকি তাদের আর্থ-সামাজিক বাস্তবতার সঙ্গে বাংলাদেশের মতো যে সমস্ত স্বল্পোন্নত দেশে দ্রুত সামষ্টিক অর্থনৈতিক বিকাশের পথে এগিয়েছে তাদের বাস্তবতার বিশেষ ফারাক রয়েছে। এই পার্থক্যের বিষয়ে সচেতন না থাকলে শ্রমিক কল্যাণের নামে এমন নীতি প্রণীত হতে পারে যাতে করে স্বল্পোন্নত অর্থনীতিতে শিল্পের বিকাশই বাধাগ্রস্ত হবে। আর তাতে সবচেয়ে বেশি ক্ষতি হবে শ্রমিকদেরই।

বাংলাদেশের প্রতিষ্ঠা লগ্নেই এ বিষয়ে নীতি-সংবেদনশীলতা দেখা যায়। কর্নেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং বিশ্ব ব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ কৌশিক বসুর মতে, শ্রমিক স্বার্থ বিষয়ে উন্নত দেশগুলোর স্ট্যান্ডার্ড অনুসরণ না করে নিজস্ব বাস্তবতার বিষয়ে সচেতন থেকে বাংলাদেশের শ্রমনীতি প্রণীত হওয়ায় আমাদের শিল্পখাতের বিকাশ সহজতর হয়েছে। ব্রিটিশ ভারতের ১৯৪৭ সালের 'ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট'-এ শ্রমিক নিয়োগ বিষয়ে ব্যাপক কড়াকড়ি ছিল। ভারত এই আইনটি নিয়েই স্বাধীন দেশ হিসেবে যাত্রা শুরু করে। অন্যদিকে, পাকিস্তান থেকে স্বাধীন হয়ে যখন বাংলাদেশ প্রতিষ্ঠিত হয় তখন এদেশে যাত্রা শুরু করে ঐ আইনটি ছাড়াই। ফলে বাংলাদেশের শিল্পোদ্যোক্তারা সহজেই বেশি সংখ্যক সস্তা শ্রমিককে নিয়োজিত করতে পেরেছিলেন। এতে একদিকে কম মূল্যে বিশ্ব বাজারে পণ্য রপ্তানি করা সম্ভব হয়েছে। অন্যদিকে, বেশি সংখ্যক শ্রমিক নিয়োগ দেয়ার ফলে কর্মসংস্থান বেড়েছে এবং অর্থনৈতিক অগ্রযাত্রার সুফল বেশি বেশি বণ্টন করা সম্ভব হয়েছে।

উন্নত বিশ্বের দেশগুলোর শ্রম আইনের কড়াকড়ি সঙ্গত কারণেই বঙ্গবন্ধু অনুসরণ করেননি। কেননা সে সময় সদ্য-স্বাধীন দেশে ঐ অর্থে উদ্যোক্তা শ্রেণীই ছিল না। এমন কড়াকাড়ি আরোপ করলে নতুন উদ্যোক্তা শ্রেণীর বিকাশই বন্ধ হয়ে যেতো। তবে স্বাধীন দেশের সংবিধানে বঙ্গবন্ধু ঠিকই শ্রমিকের কল্যাণ ও স্বার্থের যথাযথ অগ্রাধিকার নিশ্চিত করেছিলেন। সংবিধানের ১৪ অনুচ্ছেদে কৃষক ও শ্রমিকের মুক্তির কথা বলা হয়েছে: "রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হবে মেহনতি মানুষকে- কৃষক ও শ্রমিকের এবং জনগণের অনগ্রসর অংশ সমূহকে সকল প্রকার শোষণ হইতে মুক্তি দান করা"। ১৫ (খ) অনুচ্ছেদে কর্ম ও মজুরির অধিকার নিশ্চিত করা হয়েছে: "কর্মের অধিকার অর্থাৎ কর্মের গুণ ও পরিমাণ বিবেচনা করে যুক্তিসংগত মজুরির বিনিময়ে কর্মসংস্থানের নিশ্চয়তার অধিকার; যুক্তিসংগত বিশ্রাম বিনোদন ও অবকাশের অধিকার।" ৩৪ অনুচ্ছেদে জবরদস্তি- শ্রম নিষিদ্ধ করা হয়েছে: "সকল প্রকার জবরদস্তি শ্রম; এবং এই বিধান কোনোভাবে লংঘিত হইলে আইনত; দণ্ডনীয় অপরাধ বলিয়া গণ্য হইবে।" বঙ্গবন্ধু নিখাদ আন্তরিকতায় স্বাধীন বাংলাদেশের সংবিধানে শ্রমজীবী মেহনতি মানুষের অধিকারের বিষয় অনেক বেশি গুরুত্ব পেয়েছে।

সংবিধানে শ্রমিক অধিকারের এহেন স্বীকৃতি ঐ সময়ের প্রেক্ষাপটে ছিলো বিশেষ তাৎপর্যপূর্ণ। কেননা সে সময় দেশীয় উদ্যোক্তা শ্রেণীর অনুপস্থিতির কারণে বড় শিল্পগুলো ছিলো রাষ্ট্রের নিয়ন্ত্রণে। রাষ্ট্রীয় নিয়ন্ত্রণাধীন ঐ সব কারখানায় পরিচালনার দায়িত্বে থাকা কর্মকর্তারা নিঃসন্দেহে সংবিধানের নির্দেশনা মেনে চলার ক্ষেত্রে ব্যক্তিমালিকানাধীন কারখানার পরিচালকদের চেয়ে বেশি তৎপর হবেন- এমনটিই ছিল বঙ্গবন্ধুর প্রত্যাশা। অন্যদিকে রাষ্ট্রীয় মালিকানার কারখানার প্রতি শ্রমিকদের দায়িত্বশীলতাও বেশি হবে কেননা তারাও এক অর্থে এই কারখানার মালিক। এ প্রসঙ্গে বঙ্গবন্ধু নিজেই ১৯৭২-এর ১৯ জুলাই আদমজীনগরে শ্রমিক সমাবেশে বলেছিলেন- " ... ফ্যাক্টরি এখন আর আদমজী নাই, ফ্যাক্টরি এখন আর বাওয়ানীর নাই, ফ্যাক্টরি এখন আর দাউদের নাই, ফ্যাক্টরি এখন হয়েছে সাড়ে সাত কোটি লোকের সম্পত্তি। ... আপনারা প্রোডাকশন বাড়াবেন, আপনারাও খাবেন আর ঐ যে গরীব কৃষক, যাদের টাকায় এই কল-কারখানা গড়ে উঠে। তারাও এ টাকার ভাগ পাবে ...।"

শ্রমিক কল্যাণ বিষয়ে বঙ্গবন্ধুর দর্শনকে আরও ভালোভাবে বুঝতে ফিরে যেতে হবে দেশ স্বাধীন হওয়ার আগের সময়ে। একেবারে যে সময় বঙ্গবন্ধু একজন তরুণ রাজনীতিক, সে সময়টায়। ঐ সময়ে শ্রমিক স্বার্থ বিষয়ে বঙ্গবন্ধুর চিন্তাগুলো সবচেয়ে স্পষ্ট প্রতিফলন পাওয়া যায় তাঁর ১৯৫২ সালে চীন সফরের অভিজ্ঞতা নিয়ে লেখা 'আমার দেখা নয়াচীন' গ্রন্থটিতে। গণমুখী রাষ্ট্রে কৃষক আর শ্রমিকের স্বার্থই যে মূখ্যতম অগ্রাধিকারের বিষয় হওয়া উচিৎ ছিলো তরুণ বঙ্গবন্ধু সে বিষয়ে সদাসচেতন ছিলেন। তাই তরুণ বয়সে গণচীন সফরে গিয়ে নানকিংয়ের কৃষি ফার্মের মতোই আগ্রহ নিয়ে লক্ষ্য করেছিলেন সাংহাইতে অবস্থিত বৃহৎ কাপড়ের কলের ব্যবস্থাপনা। প্রায় তিন ঘণ্টা ধরে তাঁরা এই কলটি পরিদর্শন করেছিলেন। কমিউনিস্ট দেশেও মিলটি একটি কোম্পানি হিসেবে পরিচালিত হচ্ছিল। একজন ব্যবস্থাপনা পরিচালক তা চালাচ্ছিলেন। তার মানে চীনে সমস্ত ব্যক্তিগত সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক এবং শ্রমিক ইউনিয়নের সভাপতি মিলেই মিলটি চালাচ্ছিলেন। মিলগুলো জাতীয়করণ না করেও এমন ব্যবস্থা করা হয়েছিল যে সকল পক্ষই লাভবান হতে পারেন। এ প্রসঙ্গে তিনি লিখেছেন- "সরকারকে হিসাব দাখিল করতে হয়। যে টাকা আয় হবে তা শ্রমিকদের বেতন, তাদের বাসস্থানের বন্দোবস্ত, চিকিৎসার জন্য ব্যয় করতে হবে। আর যা বাঁচবে তা দিয়ে মিলের উন্নতি করতে হবে। আর যারা মালিক তাদের লভ্যাংশের কিছু অংশ দেয়া হয়।" তিনি আরও সন্তুষ্ট হয়েছিলেন এই দেশে যে মেয়ে শ্রমিকদের ছেলেমেয়েদের জন্য শিশুযত্ন কেন্দ্র গড়ে তোলা হয়েছে। যুবক শ্রমিকরা কয়েকজনে মিলে বাড়িতে বাস করার সুযোগ পেয়েছেন। শ্রমিকদের জন্য আলাদা হাসপাতালের ব্যবস্থা করা হয়েছে। শ্রমিকদের ছেলেমেয়েদের জন্য আলাদা স্কুলের ব্যবস্থা করা হয়েছে। সফর শেষে শ্রমিক ও মালিকদের পক্ষ থেকে তাদের সংবর্ধনা দেয়া হয়। ব্যবস্থাপনা পরিচালক ও শ্রমিক ইউনিয়ন সভাপতি উভয়ে বলেন, "আমরা শ্রমিক ও মালিক পাশাপাশি দেশের কাজ করছি। মিলটা শুধু মালিকের নয়, শ্রমিকের ও জনসাধারণেরও। আজ আর আমাদের মধ্যে কোনো গোলমাল নাই। আমরা উভয়েই লভ্যাংশ ভাগ করে নেই। শ্রমিকের স্বার্থও আজ রক্ষা হয়েছে, মালিকের স্বার্থও রক্ষা হয়েছে।" (আমার দেখা নয়াচীন, পৃষ্ঠা ৭০)।

তরুণ বয়সে বিপ্লবোত্তর চীনে শ্রমিকদের ক্ষমতায়িত করার কৌশলগুলো খুঁটিয়ে খুঁটিয়ে দেখেছিলেন বঙ্গবন্ধু। ভবিষ্যতে নিজে দেশ পরিচালনার দায়িত্ব পেলে শ্রমিক কল্যাণে কী করবেন তার পথ-নকশাই হয়তো সে সময় তিনি দাঁড় করাচ্ছিলেন। স্বাধীনতা-পরবর্তী কালে বৃহৎ শিল্প যখন রাষ্ট্রীয়করণ করেছিলেন তখন কারখানা ব্যবস্থাপনায় শ্রমিকদের অংশগ্রহণ নিশ্চিত করতে তাঁর নেয়া উদ্যোগগুলোর দিকে লক্ষ্য করলে এমনটিই মনে হয়। এ প্রসঙ্গে তিনি নিজেই ১৯৭৩-এ আদমজীনগরের ভাষণে (উল্লিখিত) বক্তৃতায় বলেছিলেন- "প্রত্যেকটা কল-কারখানা আপনাদেরই (শ্রমিকদেরই) করতে হবে। সেভাবেই ম্যানেজমেন্ট বোর্ড হবে। সরকারের থাকবে, কর্পোরেশনের থাকবে আর শ্রমিকদের প্রতিনিধি থাকবে ... আপনারা শ্রমিকরা ভোট দিয়ে পাশ করে দিবেন, দুইজন আপনার, একজন ব্যাংকের, একজন গভর্নমেন্টের, একজন হলো আপনার জুট কর্পোরেশনের। পাঁচজনে বসে কলকারখানা

চালাবেন। ...আপনাদের কলে যা আয় হবে, তার একটা অংশ আপনাদের শ্রমিকদের জন্য ব্যয় হবে, আরেক অংশ জনগণের জন্য ব্যয় হবে। সরকারের কাছে যাবে।" শ্রমিকদের কল্যাণের ভার এভাবেই তিনি শ্রমিক প্রতিনিধিদের হাতে তুলে দিতে সচেষ্ট হয়েছিলেন। রাষ্ট্রের হাতে রেখেছিলেন শ্রমিকদের ক্ষমতায়িত হওয়ার পরিবেশ তৈরির দায়িত্ব। বাংলাদেশের তখনকার বাস্তবতায় এই পদ্ধতিটি সত্যিই সময়োপযোগী ছিল।

বঙ্গবন্ধুর দ্বিতীয় বিপ্লবের কর্মসূচিতেও এই ধারাবাহিকতা তিনি রক্ষা করেছিলেন। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন কার্যক্রমকে বেগবান এবং অংশগ্রহণমূলক করতে সে সময় সকল মহকুমাকে ডিস্ট্রিক্ট-এ রূপান্তরিত করার উদ্যোগ নিয়েছিলেন বঙ্গবন্ধু। আর প্রতিটি থানার সার্বিক তদারকির জন্য একটি করে 'অ্যাডমিনিস্ট্রেটিভ কাউন্সিল' গঠনের প্রস্তাবনা ছিল তাঁর। আর সেই কাউন্সিলে আলাদা করে শ্রমিকদের প্রতিনিধি রাখার পরিকল্পনা দিয়েছিলেন তিনি, যাতে করে থানাভিত্তিক পরিকল্পনা ও বাস্তবায়নের প্রক্রিয়াতেও শ্রমিকদের প্রতিনিধিত্ব ও অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হতো। এ প্রসঙ্গে বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ (বাকশাল) কমিটিতে তাঁর উদ্বোধনী ভাষণে বঙ্গবন্ধু বলেছিলেন- "এক বছরের মধ্যে থানা অ্যাডমিনিস্ট্রেটিভ কাউন্সিল করতে হবে। সেখানে বাকশালের রিপ্রেজেন্টেটিভ থাকবে, কৃষকদের রিপ্রেজেন্টেটিভ থাকবে, শ্রমিকদের থাকবে, যুবকদের থাকবে, মহিলাদের থাকবে।" অংশগ্রহণমূলক উন্নয়ন পরিকল্পনায় আলাদাভাবে শ্রমিকদের প্রতিনিধিত্ব নিশ্চিত করার এই প্রচেষ্টা থেকে স্পষ্টই প্রতীয়মান হয় যে, টেকসই ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পরিক্রমায় অংশীজন হিসেবে শ্রমিক শ্রেণীর অংশগ্রহণ নিশ্চিত করা যে একান্ত জরুরি সে বিষয়ে বঙ্গবন্ধু ছিলেন বিশেষ সংবেদনশীল।

নীতি-নির্ধারণ প্রক্রিয়ায় শ্রমিক শ্রেণীর অংশগ্রহণ ও তাদের বৃহত্তর কল্যাণ নিশ্চিতকরণের ক্ষেত্রে রাজনৈতিক-অর্থনৈতিক কারণগুলো বিষয়েও বঙ্গবন্ধু বিশেষ সচেতন ছিলেন। কখনো ধর্ম, কখনো জাতীয়তা, কখনো কে কোন জেলা থেকে আগত- ইত্যাদি ইস্যু তুলে শ্রমিকদের মধ্যে বিভেদ সৃষ্টি করার মাধ্যমে শ্রমিক কল্যাণ প্রায়শই ব্যাহত হয়েছে পাকিস্তান শাসনামলে। আর শ্রমিকদের মধ্যে এই বিভেদ বিরাজ করলে জাতীয় রাজনীতিতে বিশেষ শক্তি হিসেবে শ্রমিকদের অংশগ্রহণও বাধাগ্রস্ত হয়। পূর্ব বাংলার শ্রমিকরা যেন জাতীয় রাজনৈতিক অধিকারের আন্দোলনে কার্যকর শক্তি হিসেবে সামনে আসতে না পারে সে জন্য পাকিস্তানী অপশাসকরা প্রায়শই এ দেশের শ্রমিকদের মধ্যে এ ধরনের বিভেদ তৈরির প্রচেষ্টা চালিয়েছেন। ১৯৫৪-তে পূর্ব বাংলার রাজনৈতিক ঐক্যজোট যুক্তফ্রন্ট প্রাদেশিক নির্বাচনে জয়ী হয়ে মন্ত্রিসভা গঠন করার পরপরই তাই আদমজীতে শ্রমিকদের মধ্যে সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টির পায়তারা দেখা গিয়েছিলো। সে সময় বঙ্গবন্ধু কনিষ্ঠতম মন্ত্রী হিসেবে শপথ নেন। নির্বাচনে জয় কিংবা মন্ত্রীত্ব পাওয়া উদযাপনের পরিবর্তে শপথ নিয়েই তিনি ছুটে গিয়েছিলেন ঐ দাঙ্গা নিরসন করতে। স্বাধীনতা উত্তর কালেও এহেন বিভেদ বৃহত্তর শ্রমিক কল্যাণ ও জাতীয় অগ্রগতির পথে হুমকি তৈরি করতে পারে- এমন আশঙ্কা বঙ্গবন্ধুর ছিল। তাই বার বার শ্রমিকদের বিভেদের রাজনীতি থেকে বিরত থাকার উদাত্ত আহ্বান জানিয়েছেন তিনি। আগেই আদমজীনগরে শ্রমিকদের উদ্দেশ্যে তাঁর দেয়া যে ঐতিহাসিক ভাষণের কথা উল্লেখ করেছি সেখানেও এ বিষয়টি তিনি তুলে ধরেছেন। তিনি বলেছেন- "আদমীজতে রক্ত আমি দেখেছি, ১৯৫৪ সালের রক্ত আমি দেখেছি। মন্ত্রী হয়েছিলাম, শপথ নিয়েছিলাম, মন্ত্রীর দ্বার থেকে সোজা আমি '৫৪ সালে এই পথে দৌড়াইয়া আদমজীতে আসার চেষ্টা করি। তখন তোমাদের পাশে এসে দাঁড়িয়েছিলাম। ... মন্ত্রী হয়ে আদমজীতে এসেছিলাম, সে জন্য মন্ত্রিত্ব ডিসমিস করে সমস্ত মন্ত্রী থেকে বাদ দিয়ে আমাকে জেলে নিয়েছিল। ... যদি আমার শ্রমিক ভাইদের মধ্যে আজকে (স্বাধীন বাংলাদেশে) এই কথা হয়- অমুক নোয়াখালীর, অমুক ঢাকার, অমুক কুমিল্লার, অমুক ফরিদপুরের- এর আগে কি আমার মৃত্যু ভালো ছিল না? বলেন আপনারা ওয়াদা করতে হবে যে, আমরা এক, আমরা বাঙালী ...।"

বৃহত্তর জাতীয় স্বার্থের প্রশ্নে আজও শ্রমিকদেরকে ঐক্যবদ্ধ রাখা একই রকম জরুরি। এখনও দেশ-বিরোধী চক্র শ্রমিকদের বিপথগামী করে তথাকথিত শ্রমিক আন্দোলনে যুক্ত করে বিদেশে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করতে তৎপর হতে পারে। এ কারণেই বঙ্গবন্ধুর দেখানো পথ অনুসরণ করা একান্ত জরুরি। আমাদের সামষ্টিক অর্থনীতির ভিত্তিকে মজবুত করতে শ্রমিকরা যে ভূমিকা রাখছেন তার স্বীকৃতি বার বার দিতে হবে। একই সঙ্গে কোন স্বার্থান্বেষী মহল যেন শ্রমিকদের ব্যবহার করে আমাদের অর্জনগুলো ধুলিসাৎ করতে না পারে তার জন্য শ্রমিকদের সচেতন করে তুলতে হবে। আশার কথা ১৯৭৫-এ বঙ্গবন্ধুকে শারীরিকভাবে হারানোর পর বহু ত্যাগের বিনিময়ে হলেও দেশ আবার বঙ্গবন্ধুর দেখানো পথেই ফিরেছে। এই নতুন অভিযাত্রায় নেতৃত্ব দিচ্ছেন বঙ্গবন্ধুরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শ্রমিক কল্যাণকে তিনিও একই রকম অগ্রাধিকার দিয়ে চলেছেন। চ্যালেঞ্জিং সময়েও তাই জাতীয় মজুরি কমিশনের মাধ্যমে নির্দিষ্ট সময় অন্তর ন্যূনতম মজুরি বাড়ানো হচ্ছে (সর্বশেষ বেড়েছে গত বছর)।

বঙ্গবন্ধুকন্যার নেতৃত্বে শ্রমিক স্বার্থের ক্ষেত্রে সবচেয়ে বড় অর্জন অবশ্য এসেছে শ্রমিকদের কর্মপরিবেশ উন্নয়নের ক্ষেত্রে। ইতোমধ্যে বিশ্বের শীর্ষ পরিবেশবান্ধব আরএমজি কারখানাগুলোর উল্লেখযোগ্য সংখ্যক (২০৯টি) বাংলাদেশি হওয়ায় এক্ষেত্রে যে বাংলাদেশের উজ্জ্বল সম্ভাবনা রয়েছে তা বলাই যায়। আরও বিপুল সংখ্যক কারখানা এখন সবুজ হওয়ার পথে। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকও সবুজ অর্থায়নের কৌশল গ্রহণ করে এই সবুজ রূপান্তরকে সমর্থন দিয়ে যাচ্ছে। শোভন কর্মসংস্থানের বিষয়টি এখন গুরুত্ব পাচ্ছে। আশার কথা বাংলাদেশের পোশাক শিল্পে সবুজ কারখানার সংখ্যা বাড়ছে বলেই শোভন কর্মসংস্থানের সুযোগও বাড়ছে। রানা প্লাজা বিপর্যয়ের পর আমাদের আরএমজি খাত নিয়ে অনেকেই শঙ্কায় পড়ে গিয়েছিলেন। কিন্তু সকল অংশীজন মিলে কমপ্লায়েন্ট কারখানার পরিবেশ উন্নয়নে মনোযোগ দেয়ায় সেই আশঙ্কা সত্য হয়নি। বরং কাজের পরিবেশ উন্নত করার সুবাদে আমাদের সুনাম বেড়েছে।

বঙ্গবন্ধু রাষ্ট্রায়ত্ত কারখানা ব্যবস্থাপনায় শ্রমিকদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে তাদের ক্ষমতায়িত করতে সচেষ্ট হয়েছিলেন। কারখানার লভ্যাংশ শ্রমিক কল্যাণে ব্যয়ের পরিকল্পনা সে সময়কার শ্রমিক প্রতিনিধিরা করতে পারছিলেন। আজ রাষ্ট্রায়ত্ত কারখানা হাতেগোনা। শিল্প মূলত ব্যক্তি খাত নির্ভর। তবে ব্যক্তি খাতের দেয়া কর থেকে সরকারের যে আয় হয় তার একটি অংশ শ্রমিক পরিবারগুলোর কল্যাণে বিশেষ সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে নিশ্চয় ব্যয় করা যায়। ফলে আজকের পরিবর্তিত বাস্তবতাতেও বঙ্গবন্ধুর দর্শন বাস্তবায়িত করা খুবই সম্ভব। শ্রমিকদের ক্ষমতায়িত করতে কেবল সামাজিক নিরাপত্তা কর্মসূচি-কেন্দ্রিক ভাবনাই ভাবতে হবে এমন নয়। আজও আমাদের দেশের অধিকাংশ শ্রমিকই অদক্ষ। শিল্প খাতের আধুনিকায়ন (অটোমেশন), আন্তর্জাতিক বাজারে বাড়তি প্রতিযোগিতা, এবং সর্বোপরি চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে অদক্ষ শ্রমিকেরা বাড়তি ঝুঁকিতে রয়েছেন। তাদেরকে দক্ষতা উন্নয়নের সুযোগ করে দেয়ার মাধ্যমেও তাদের ক্ষমতায়ন করা সম্ভব। এভাবে বঙ্গবন্ধুর শ্রমিক কল্যাণের দর্শনের মূল সুরটি ঠিক রেখে পরিবর্তিত বাস্তবতার উপযোগী করে নতুন করে শ্রমিক কল্যাণের পথ-নকশাই আমাদের দাঁড় করাতে হবে।

টেকসই উন্নয়নের জন্য শোভন কর্মপরিবেশের বিকল্প নেই

এস. এম. মান্নান (কচি)
সভাপতি
বিজিএমইএ

বিশ্বায়নের এই যুগে ব্যবসা-বাণিজ্য ও সকল আর্থ-সামাজিক ক্ষেত্রে সাসটেইনেবিলিটি তথা টেকসই উন্নয়ন একটি অপরিহার্য বিষয়। আর শিল্পে টেকসই উন্নয়ন নিশ্চিত করার অন্যতম পূর্বশর্ত হচ্ছে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তাকে প্রাধান্য দিয়ে শোভন কর্মপরিবেশ নিশ্চিত করা।

বাংলাদেশের অর্থনীতিতে পোশাকখাতের গুরুত্ব অপরিসীম। আমাদের মোট রপ্তানি আয়ের প্রায় ৮৫% আসে এই খাত থেকে; আর জিডিপিতে এই শিল্পের অবদান প্রায় ১১%। এই শিল্পের সাথে সরাসরি জড়িয়ে আছে ৪০ লক্ষ শ্রমিকের জীবিকা, যার প্রায় ৬০% নারী। আর ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড লিংকেজসহ বস্ত্র ও পোশাক শিল্পে সব মিলিয়ে প্রায় ১ কোটি মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৫ কোটি মানুষের জীবন ও জীবিকা, এবং অর্থনীতির বেশ কিছু খাত এই শিল্পের উপর নির্ভরশীল। তাই আগামী দিনে আমাদের অর্থনীতির গতিপ্রবাহ অনেকটাই এই শিল্পের টেকসই বিকাশের উপর নির্ভর করছে।

বলার অপেক্ষা রাখে না, নব্বইয়ের মাঝামাঝি সময় থেকে পোশাক শিল্পে শিশুশ্রম নির্মূল, শ্রমিকের ন্যূনতম মজুরি প্রদান নিশ্চিতকরণ, কর্মক্ষেত্রে স্বাস্থ্যবিধিসহ সোশ্যাল কমপ্লায়েন্সের সকল ক্ষেত্রে অভাবনীয় সাফল্য এসেছে। বিগত দশকে পোশাকখাতে কিছু অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটার পর পোশাক শিল্পে নিরাপদ কর্মপরিবেশ তৈরির এক অভূতপূর্ব প্রয়াস শুরু হয়। এক দশকে উদ্যোক্তাদের অক্লান্ত পরিশ্রম ও বিনিয়োগ, এবং সরকার, আন্তর্জাতিক ক্রেতা, শ্রমিক সংগঠন, ILO ও উন্নয়ন সহযোগিদের সম্মিলিত সহযোগিতায় আজ বাংলাদেশের পোশাকশিল্প একটি নিরাপদ শিল্পের রোল মডেল হিসেবে বিশ্বে নিজের অবস্থান তৈরি করতে পেরেছে। বর্তমানে পোশাক শিল্পে কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং রেমিডিয়েশন পর্যবেক্ষণ করার জন্য একক মনিটরিং সংস্থা হিসেবে আরএমজি সাসটেইনেবলিটি কাউন্সিল বা RSC কাজ করছে, যা আন্তর্জাতিক ফ্যাশন ব্র্যান্ড, শিল্প সংগঠন পোশাক উৎপাদনকারী এবং ট্রেড ইউনিয়ন এর সমান প্রতিনিধিত্বকারী সদস্য দ্বারা পরিচালিত হচ্ছে।

বিগত বছরগুলোতে বাংলাদেশ সরকার আইনী সংস্কার ও প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধির সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে। এর মধ্যে ২০১৩ এবং ২০১৮ সালে শ্রম আইন সংস্কার, ২০১৫ সালে শ্রম বিধিমালা প্রণয়ন ও ২০২২ সালে তা সংস্কার, প্রত্যেক কারখানায় সেইফটি কমিটি ও নির্বাচিত পার্টিসিপেশন কমিটি গঠন বাধ্যতামূলক করা এবং ট্রেড ইউনিয়ন নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণ করা অন্যতম। এ শিল্প সংশ্লিষ্ট সংস্থাসমূহ ও ক্রেতা কর্তৃক মনোনীত অডিটরগণও কমপ্লায়েন্স বিষয়টি তদারক করে থাকে। আরো বেশকিছু কারখানা ILO কর্তৃক পরিচালিত বেটার ওয়ার্ক এর আওতায় পর্যবেক্ষিত হচ্ছে। সাথে সাথে বিজিএমইএ'তে নতুন সদস্য কারখানা অর্ন্তভুক্তির ক্ষেত্রে আইনের মৌলিক বিষয়গুলোর পাশাপাশি ভবন নিরাপত্তা, অগ্নি নিরাপত্তা ও বৈদ্যুতিক নিরাপত্তার বিষয়টিও কঠোরভাবে দেখা হচ্ছে। কাজেই কমপ্লায়েন্সের দিক থেকে আমাদের পোশাক শিল্প সম্পূর্ণরূপে ট্রান্সপারেন্ট।

জিআইজেড এবং আইএলও এর সহযোগিতায় এখন পোশাক শিল্পে এমপ্লয়মেন্ট ইনজুরি স্কিম (ইআইএস) পাইলট ভিত্তিতে পরিচালিত হচ্ছে। ৩ বছর মেয়াদী এ প্রকল্প ২১ জুন, ২০২২ থেকে শুরু হয়েছে, যার আর্থিক অনুদান দিয়েছে ৪০টির বেশি ক্রেতা প্রতিষ্ঠান।

পোশাক শ্রমিকদের কল্যাণ ও মর্যাদা নিশ্চিত করার জন্য বিজিএমইএ নানা কর্মসূচি পরিচালনা করে আসছে। ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর এবং চট্রগ্রামে ৮টি স্বাস্থ্যকেন্দ্র এবং চট্রগ্রামে একটি হাসপাতালের মাধ্যমে শ্রমিক ভাইবোনদেরকে স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। এসব প্রতিষ্ঠান থেকে প্রতিমাসে প্রায় ১১ হাজার শ্রমিক ভাইবোন স্বাস্থ্যসেবা নিচ্ছেন। এ ছাড়াও ঢাকার মিরপুরে একটি পূর্ণাঙ্গ হাসপাতালের নির্মাণ কাজ চলছে।

আমরা পোশাক কারখানায় কাজ করা মেয়েদের জন্য উচ্চ শিক্ষার সুযোগও তৈরি করেছি। বর্তমানে এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেনে ৯০ জন নারী কর্মী উচ্চ শিক্ষা গ্রহণ করছেন। অনেক কারখানা নিজ নিজ ভবনে শ্রমিক ভাইবোনদের জন্য ন্যায্য মূল্যের দোকান ও তাদের সন্তানদের জন্য ডে কেয়ার সেন্টার পরিচালনা করছে। শিল্পে এ ধরনের আরও অনেক ভালো চর্চা/উদ্যোগের দৃষ্টান্ত রয়েছে।

আজ আমাদের পোশাক কারখানাগুলো কেবল নিরাপদ কর্মপরিবেশ'ই নিশ্চিত করছেনা বরং আধুনিক, জ্বালানি-সাশ্রয়ী এবং পরিবেশবান্ধব হয়ে উঠছে। USGBC কর্তৃক প্রত্যয়িত বিশ্বের সর্বাধিক সংখ্যক সবুজ LEED কারখানার আবাসস্থল বাংলাদেশ। সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, আমাদের LEED সার্টিফাইড সবুজ কারখানার সংখ্যা ২১৫টি, যা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে।

আরেকটি বিষয় উল্লেখ না করলেই নয়, দীর্ঘদিন ধরে আমরা ইউনিফাইড কোড অব কন্ডাক্ট এর দাবী জানিয়ে আসছি। যদিও শ্রম অধিকার নিয়ে উন্নত দেশগুলো ডিউ ডিলিজেন্স বিধিমালা করছে, তবে ইউনিফাইড কোড অব কন্ডাক্ট এর বিষয়ে কোন দৃশ্যমান অগ্রগতি এখনও হয়নি। আমরা মনেকরি ভিন্ন ভিন্ন স্যোশাল অডিটের পরিবর্তে ইউনিফাইড কোড অব কন্ডাক্ট প্রবর্তন করা হলে কমপ্লায়েন্সের বিষয়টি আরও সহজ ও স্বচ্ছ হবে, খরচ কমবে।

বাংলাদেশের পোশাক শিল্প এখন প্রবৃদ্ধির পরবর্তী ধাপে এগিয়ে যাচ্ছে। এরই আলোকে আমরা বাংলাদেশ সরকারের এসডিজি অভীষ্টগুলোর সঙ্গে সংগতি রেখে পোশাক শিল্পের জন্য টেকসই কৌশলগত রূপকল্প-২০৩০ নির্ধারণ করেছি। এই রূপকল্পের প্রথম অগ্রাধিকার হচ্ছে জনগণ। অর্থাৎ শিল্পের ভেতরে-বাহিরে, ব্যাপক অর্থে বাংলাদেশের প্রতিটি মানুষের অর্থনৈতিক উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা অব্যাহত রাখা আমাদের অন্যতম উদ্দেশ্য। সকল পরিস্থিতিতেই আমরা শ্রমিক ভাইবোনদের স্বার্থ ও কল্যাণকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করে যাচ্ছি। কারণ শ্রমিক ভাইবোনেরাই এই শিল্পের মূল চালিকাশক্তি এবং তারা ভালো থাকলে শিল্প ভালো থাকবে।

উৎপাদনের প্রবহমান ধারা অব্যাহত রেখে বাংলাদেশকে একটি মর্যাদাপূর্ণ দেশের আসনে প্রতিষ্ঠিত করতে, এবং মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বে সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে ২০৪১ সালের মধ্যে অর্থনৈতিকভাবে সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ে তুলতে পোশাক শিল্প অনবদ্য ভূমিকা পালন করে চলবে, ইনশাআল্লাহ।

জয় বাংলা, বাংলাদেশ চিরজীবী হোক।

বাংলাদেশের প্রেক্ষাপটে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

মোঃ আবদুর রহিম খান
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

প্রেক্ষাপট:

বিগত দুই দশকে দেশের সামগ্রিক অর্থনৈতিক অগ্রগতি পর্যালোচনা করলে দেখা যায়, বাংলাদেশ ধীরে ধীরে কৃষিভিত্তিক অর্থনীতির দেশ হতে শিল্প ও সেবানির্ভর অর্থনীতির দেশে পরিণত হতে চলেছে। বিকাশমান শিল্পের মধ্যে তৈরি পোশাক, টেক্সটাইল, চামড়া, প্লাস্টিক, পাদুকা ও কৃষিভিত্তিক শিল্প অন্যতম। শিল্প বিকাশের ফলে একদিকে যেমন বিপুল পরিমাণ কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে অন্যদিকে পেশাগত দুর্ঘটনা, স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি সৃষ্টি হয়েছে। অতীতে আরএমজি ও নন-আরএমজিসহ বিভিন্ন কারখানায় ভবন ধস ও অগ্নি দুর্ঘটনায় শ্রমিক হতাহতের ঘটনা দেশের সামগ্রিক পেশাগত স্বাস্থ্য ও সেইফটি কাঠামোর দুর্বলতাকে চিহ্নিত করেছে। ফলে বিদ্যমান শ্রম আইন এবং আন্তর্জাতিক মানদণ্ডের নিরিখে দেশের শিল্পখাতে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার বিধানাবলী সমুন্নত রাখা সকলের নৈতিক দায়িত্ব। কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার ফলে একদিকে শ্রমিক অধিকার রক্ষা হয় অন্যদিকে শিল্পখাতে উৎপাদন বৃদ্ধি পায়। কর্মক্ষেত্রে দুর্ঘটনা প্রতিরোধ, পেশাগত ব্যাধি নিরসন এবং ঝুঁকি হ্রাসে মনোযোগ দেওয়া সময়ের দাবি।

বর্তমান সরকারের সঠিক নীতি ও কৌশল বাস্তবায়নের ফলে ২০২৬ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উন্নীত হতে যাচ্ছে ফলে বাংলাদেশের অর্থনীতির উন্নয়নের সাথে সাথে বিশ্ব অর্থনীতিতে বাংলাদেশের অংশগ্রহণ আগের যেকোন সময়ের তুলনায় বৃদ্ধি পাবে এবং বিদেশে বাংলাদেশের ব্র্যান্ডিং ইমেজ তৈরি করা সহজতর হবে। এর জন্য শিল্পখাতের বিনিয়োগকারী ও অংশীজনদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার বিধানগুলো যথাযথভাবে অনুসরণের আবশ্যকতা রয়েছে।

বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে শ্রমিক, সাধারণের মধ্যে পেশাগত শিক্ষা ও জ্ঞানের ঘাটতি লক্ষ্য করা যায়। তাই পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল অংশীজনের ভূমিকা সমন্বয়পূর্বক শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণে সরকারি তদারকি বৃদ্ধি প্রয়োজন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১৪ ও ২০ অনুচ্ছেদ অনুযায়ী সকল শ্রমিকের সুরক্ষা ও কল্যাণ নিশ্চিত করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব। আন্তর্জাতিক শ্রম সংস্থার কনভেনশন ১৫৫, ১৮৭ ও ১৬১; প্রটোকল ১৫৫ এবং সুপারিশ ১৬৪ ও ১৯৭ এ কর্মপরিবেশের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার বিষয়ে সুস্পষ্ট দিকনির্দেশনা রয়েছে। ফলে সময়ের চাহিদা ও বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক আইন ও কনভেনশন যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে সরকার ২০১৩ সালে 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা' প্রণয়ন করে। এ নীতিমালার অন্যতম লক্ষ্য হচ্ছে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক খাতে নিয়োজিত সকল ব্যক্তির কর্মপরিবেশের উন্নয়ন, যাতে পেশাগত দায়িত্ব পালনকালে মৃত্যু, জখম হওয়া বা রোগ ব্যাধিতে আক্রান্ত হওয়া ক্রমাগতভাবে হ্রাস পায় এবং সেই সঙ্গে রাষ্ট্রের সাংবিধানিক ও বৈশ্বিক দায়িত্ব যথাযথভাবে প্রতিপালিত হয়। এছাড়া পরবর্তীতে এসডিজি ৮.৮.১ এ পেশাগত

কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হওয়ার ঘটনা কমিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যা সরাসরি দেশের পেশাগত স্বাস্থ্য ও সেইফটির উন্নয়নের সাথে সম্পর্কিত। 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা ২০১৩'-এ বিভিন্ন নৈতিক ও আইনগত বাধ্যবাধকতা উল্লেখের পাশাপাশি সংশ্লিষ্ট অংশীজনদের দায়িত্ব বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে যেখানে পেশাগত ব্যাধি সনাক্তকরণে বিশেষায়িত ইনস্টিটিউট স্থাপন, সেইফটি বিশেষজ্ঞ তৈরি ও নিয়োগ উদ্ধুকরণ, পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক তথ্য সংগ্রহ, সংরক্ষণ, জরিপ ও গবেষণা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

দেশে কর্মক্ষেত্রে শ্রমিকদের আইনানুগ অধিকার, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত নীতি ও কৌশল বাস্তবায়নে কাজ করে যাচ্ছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। ২০১৫ সালে মাননীয় প্রধানমন্ত্রী দেশের চাহিদা বিবেচনায় একটি পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করার জন্য নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে ২০১৮ সালের সেপ্টেম্বর মাসে একনেক সভায় ১৬৫ কোটি ২৮ লক্ষ ৩৩ হাজার টাকার প্রাক্কলন ব্যয়ে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ শীর্ষক প্রকল্প অনুমোদন করা হয়। ইনস্টিটিউট প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য ছিল দেশের সামগ্রিক পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নতি বিধানকল্পে দেশীয় ও আন্তর্জাতিক চাহিদা মোতাবেক বিভিন্ন প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করা।

১ নভেম্বর ২০১৮ সালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী, রাজশাহী সিটি কর্পোরেশনের তৎকালীন মেয়র এবং বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দকে নিয়ে রাজশাহীতে ইনস্টিটিউট এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রকল্পটি ৩০ জুন, ২০২১ সালে সমাপ্ত করার সময় নির্ধারিত হলেও কোভিট-১৯ মহামারির কারণে নির্মাণ কাজ প্রলম্বিত হয়। বর্তমানে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)-এর অবকাঠামোগত নির্মাণ কাজ শেষ হয়েছে। রাজশাহীতে অবস্থিত এ প্রতিষ্ঠানটি শ্রীলংকা ও সিঙ্গাপুরের মতো দক্ষিণ এশিয়ায় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক একটি উল্লেখযোগ্য ইনস্টিটিউট হতে চলেছে।

জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI) এর একাডেমিক ভবন

সংক্ষেপে ইনস্টিটিউটের পরিচিতি ও প্রধান কার্যক্রম নিম্নরূপ:

অবকাঠামো:

ইনস্টিটিউটটি রাজশাহী মহানগরের কেন্দ্রস্থলে সেনানিবাসের সম্মুখে ৫ একর জায়গা নিয়ে অবস্থিত। এখানে একটি ৪ তলা একাডেমিক ভবন, মহিলা ও পুরুষদের জন্য পৃথক দুটি ৬ তলা বিশিষ্ট হোস্টেল, এছাড়া একটি টিচার্স কোয়ার্টার, একটি ব্যাচেলর কোয়ার্টার, একটি ফ্যাকাল্টি কোয়ার্টার, একটি ইনস্টিটিউট প্রধানের বাংলো, একটি ইন্সপেকশন বাংলো এবং একটি স্টাফ কোয়ার্টার রয়েছে। একাডেমিক ভবনে প্রশিক্ষণ কক্ষ, ক্রেন সেইফটি ল্যাব, রিগিং প্রেস ল্যাব, কেমিক্যাল ল্যাব, ফায়ায় ল্যাব, লাইব্রেরি রুম, কমন রুম, স্কিল ডেভেলপমেন্ট রুম, দৃষ্টিনন্দন ক্যাফেটেরিয়া ও মাল্টিপারপাস হল রুম রয়েছে। প্রতিষ্ঠানটিতে আপদকালীন জরুরী বহির্গমন ও অগ্নি দুর্ঘটনাকালীন বহির্গমনের জন্য একমুখি সিঁড়ি এবং কেন্দ্রীয়ভাবে অগ্নি নির্বাপন সুবিধা সংবলিত আধুনিক অবকাঠামো নির্মাণ করা হয়েছে। এছাড়া প্রাকৃতিক পরিবেশ বজায় রেখে বাগান, পুকুর ও খেলার মাঠ রাখা হয়েছে।

সাংগঠনিক কাঠামো ও জনবল:

